প্রস্তুতি ম্যাচে বড় পরাজয়ে শুরু টাইগারদের

রোববার থেকে অস্ট্রেলিয়ায় শুরু হয়েছে টি-টোয়েন্টি বিশ্বকাপের অষ্টম আসর। শুরুতেই হচ্ছে বাছাই পর্বের খেলা।

বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের দুই গ্রুপের লড়াইয়ে অংশ নিচ্ছে দুই সাবেক চ্যাম্পিয়ন ওয়েস্ট ইন্ডজ ও শ্রীলংকাসহ আট দেশ। দুই গ্রুপের ফাইনালিস্ট দল খেলবে বিশ্বকাপের সুপার টুয়েলভে।

বিশ্বকাপের মূলপর্ব তথা সুপার টুয়েলভের খেলা শুরু হবে আগামী শনিবার থেকে। তার আগে সরাসরি বিশ্বকাপের মূলপর্বে খেলার সুযোগ পাওয়া ৮ দল আজ থেকে আইসিসির অফিসিয়াল প্রস্তুতি ম্যাচ খেলছে।

ইংল্যান্ড, নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়া, আফগানিস্তান, পাকিস্তান, বাংলাদেশ, ভারত ও দক্ষিণ আফ্রিকা এই ৮টি দল দুটি করে প্রস্তুতি ম্যাচ খেলার সুযোগ পাচ্ছে।

আজ থেকে শুরু হয়েছে প্রস্তুতি ম্যাচ। বাংলাদেশ নিজেদের প্রথম প্রস্তুতি ম্যাচ খেলে আফগানিস্তানের বিপক্ষে। বুধবার খেলবে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে।

সোমবার অস্ট্রেলিয়ার ব্রিসবেনে আগে ব্যাট করে মোহাম্মদ নবির ব্যাটিং তাণ্ডবে ৭ উইকেটে ১৬০ রানের চ্যালেঞ্জিং স্কোর গড়ে আফগানিস্তান।

দলের হয়ে মাত্র ১৭ বলে ৫টি ছক্কার আর একটি বাউন্ডারির সাহায্যে ৪১ রানের ঝড়ো ইনিংস খেলেন আফগান অধিনায়ক মোহাম্মদ নবি। এছাড়া ৩৯ বলে ৪৬ রান করেন ইবরাহিম জাদরান। বাংলাদেশ দলের হয়ে তাসকিন নেন ৩ উইকেট। দুটি করে উইকেট নেন হাসান মাহমুদ ও সাকিব আল হাসান।

টার্গেট তাড়া করতে নেমে ৪৮ রানে ৭ উইকেট হারিয়ে ম্যাচ থেকে কার্যত ছিটকে যাওয়া বাংলাদেশ, শেষ পর্যন্ত ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে ৯৮ রান তুলতে সমর্থ হয়।৬২ রানের জয়ে প্রস্তুতি জোরদার করে এশিয়ার উঠতি দল আফগানিস্তান।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টে গোবিন্দপুর ষ্টার ক্লাব জয়ী

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডের ৩য় ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকাল ৪টায় জয়রামপুর ইয়ুথ ক্লাব মাঠে। টুর্নামেন্টের ৩য় ম্যাচে মুখোমুখি মাঠে নামে দুধপাতিলা স্পোর্টিং ক্লাব বনাম গোবিন্দপুর ইস্টার ক্লাব।

খেলায় দুধপাতিলা স্পোর্টিং ক্লাব কে ২-০গোলে হারিয়ে কোয়ার্টার ফাইনালে গোবিন্দপুর স্টার ক্লাব। দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাবের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে ম্যাচ শেষে ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার বিতরণ করা হয়।

জয়রামপুর গ্রাম বাসীর আয়োজনে প্রধান অতিথি ইয়ুথ ক্লাবের উপদেষ্টা আমজাদ মিয়ার হাত থেকে ম্যাচটির ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার তুলে দেয়া হয় গোবিন্দপুর ষ্টার ক্লাবের ০৭ নং জার্সি পরিহিত সাদিক কে। প্রধান অতিথি আমজাদ মিয়া বলেন, আমি মনে করি প্রতিটি শিক্ষার্থী লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা করা অপরিহার্য, খেলাধুলা করিলে শরীর মন সুস্থ ও সবল থাকে। তাই প্রতিটি মানুষের খেলাধুলা করার প্রয়োজন আছে। নিয়মিত খেলাধুলা করিলে শরীরকে রোগবালাই ও মাদকাসক্তি থেকে মুক্ত থাকা যায়।

জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদের ব্যবস্থাপনায় এসময় উপস্থিত ছিলেন,আবু বকর সিদ্দিক, নজরুল ইসলাম, জসিম উদ্দিন মনোয়ার, সাবেক ফুটবলার মুন্নাফ হোসেন, সামসুল আলম, গোলাম সরোয়ার ছোটো, আব্দুল মালেক,মালেক ভুঁইয়া, ক্রীয়া সম্পাদক রাজীব, স্বপন, রাশেদুল ইসলাম রনি, হাফিজুর, আরিফ, নাজির, মুসা, হাসিবুল, সামসুল হক সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ সহ গণমান্য ব্যক্তিবর্গ।

ম্যাচটিতে রেফারির দায়িত্ব পালন করেন একরামুল হাসান নিপুন, সহকারী রেফারি ছিলেন তারিকুল ইসলাম ও সুভাষ চন্দ্র বিশ্বাস। ধারাভাষ্যকার ছিলেন, রাশেদ, আজমল ও শামীম খাঁন।

[redacted]

[redacted]

[redacted]

[

মহল, টিম ম্যানেজমেন্ট ও পিসিবির সিদ্ধান্ত। যখনই কোনো সুযোগ পাব, সেটা কাজে লাগানোর চেষ্টা করাই আমার কাজ। আর আমার কারও সঙ্গে কোনো সমস্যা নেই। আমি কারও বিরুদ্ধেও নেই। সব সময় ইতিবাচক থাকাই আমার ক্যারিয়ারে সফলতার রহস্য।’

তবে কি বিশ্বকাপ দলে ঠাঁই পাওয়া নিয়ে বাবরের সঙ্গে কথা বলবেন কি?

শোয়েব মালিক বলেন, ‘বাবরের সঙ্গে আমার ধারাবাহিকভাবে যোগাযোগ রয়েছে। হ্যাঁ, এটা সত্য যে, আগে আমরা বেশি কথা বলতাম। কিন্তু এখন সে একজন অধিনায়ক এবং তাকে সেই জায়গা দেওয়া উচিত। আমিও এর মধ্য দিয়ে গেছি এবং আমি তার উপর চাপ দেইনি। আমি তাকে (আমাকে দলে অন্তর্ভুক্ত করার জন্য) বলব না।’

সার্বিক পরিস্থিতিতে শোয়েব মালিক দলে ফিরবেন কিনা সেটি এখন বড় প্রশ্ন। তবে আশার বিষয় হচ্ছে-মিডলঅর্ডার ফখর জামানকে দলে ফিরিয়েছে পাকিস্তান ক্রিকেট বোর্ড।

এশিয়া কাপ চলাকালে পাকিস্তানের ন্যাশনাল টি-টোয়েন্টি কাপে ৯ ইনিংসে ১৪০.৬৮ স্ট্রাইক রেটে ২০৪ রান করেন মালিক। সবশেষ পিএসএলেও দারুণ ছন্দে ছিলেন শোয়েব। ১৩৭.৩২ স্ট্রাইক রেটে ১১ ইনিংসে ৪০১ রান করেছেন, তিনটি ফিফটিও ছিল সেখানে।

এমন সব দুর্দান্ত পারফরম্যান্সের পরেও টি-টোয়েন্টি বিশ্বকাপ দলে তার জায়গা না পাওয়া নিয়ে প্রশ্নবিদ্ধ হতেই পারে পাকিস্তানের টিম ম্যানেজমেন্ট।

মেহেরপুরের ইসলামপুর ফটুবল টুনামেন্টে রাইপুর জাগরণী ক্লাব চ্যাম্পিয়ন

মেহেরপুরের ইসলামপুর শান্তি ক্লাবের আয়োজনে ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছে রাইপুর জাগরণী ক্লাব।

গতকাল শুক্রবার বিকালে সদর উপজেলার ইসলামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ফাইনাল খেলায় রাইপুর জাগরণী ক্লাব ১-০ গোলে স্বাগতিক ইসলামপুর শান্তি ক্লাবকে পরাজিত করে। রানার্স আপ দলের রকি সেরা খেলোয়ার নির্বাচিত হন। খেলা শেষে চ্যাম্পিয়ন দল রাইপুর জাগরণী ক্লাবকে ১৫ হাজার টাকা মূল্যের ভেড়া এবং রানার্স আপ দল ইসলামপুর শান্তি ক্লাবকে ১০ হাজার টাকা মূল্যের ছাগল পুরস্কার দেওয়া হয়।

আমদহ ইউনিয়ন পরিষদের সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী অ্যাড. আব্দুল্লাহ আল মামুন রাসেল বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার তুলে দেন। এসময় স্থানীয় ইউপি মেম্বর সিরাজুল ইসলাম, ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি আব্দুল মান্নানসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

এাস ব্যাপী চলা টুর্নামেন্টে বিভিন্ন এলাকার ১৬টি দল অংশ নেয়। টুর্নামেন্ট নক আউট পদ্ধতিতে পরিচালনা হয়।

টি-টোয়েন্টি বিশ্বকাপের তথ্য

রোববার অস্ট্রেলিয়ায় শুরু হতে যাচ্ছে টি-টোয়েন্টি বিশ্বকাপের অষ্টম আসর। উদ্বোধনী ম্যাচে শ্রীলংকার প্রতিপক্ষ নামিবিয়া। ১৩ নভেম্বর মেলবোর্নে ফাইনালের মধ্য দিয়ে আসরের পর্দা নামবে।

টুর্নামেন্টে ১৬টি দল অস্ট্রেলিয়ার ৭টি শহরে ৪৫টি ম্যাচ খেলবে। ৮টি দল সরাসরি সুপার টুয়েলভে খেলবে। বাকি ৮ দল দুই গ্রুপে ভাগ হয়ে প্রথম রাউন্ড খেলবে। প্রতি গ্রুপের সেরা দুটি দল সুপার টুয়েলভে জায়গা পাবে।

প্রথম রাউন্ডে খেলবে শ্রীলংকা, নামিবিয়া, সংযুক্ত আরব আমিরাত, নেদারল্যান্ডস, ওয়েস্ট ইন্ডিজ, স্কটল্যান্ড, আয়ারল্যান্ড ও জিম্বাবুয়ে।

র্যাংকিংয়ে এগিয়ে থাকায় আগেই সুপার টুয়েলভে জায়গা করে নিয়েছে স্বাগতিক অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ভারত, পাকিস্তান,

ইংল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, আফগানিস্তান ও বাংলাদেশ।

২২ অক্টোবর সিডনিতে অস্ট্রেলিয়া-নিউজিল্যান্ড ম্যাচের মধ্য দিয়ে সুপার টুয়েলভ শুরু হবে।

পরিত্যক্ত হলে
টুর্নামেন্টে কোনো ম্যাচ বৃষ্টিতে পরিত্যক্ত হলে বিকল্প কোনো ব্যবস্থা নেই। ন্যূনতম ৫ ওভারের ম্যাচ আয়োজনের চেষ্টা করা হবে। তা না করা গেলে ম্যাচ পরিত্যক্ত। তবে সেমিফাইনাল এবং ফাইনালের জন্য এক দিন করে রিজার্ভ ডে আছে। নির্ধারিত দিনে বৃষ্টির কারণে খেলা শেষ না করতে পারলে পরের দিন খেলা হবে।

ফেভারিট
স্বাগতিক অস্ট্রেলিয়াই এবারের বিশ্বকাপের ফেভারিট। তারা গত আসরে নিউজিল্যান্ডকে হারিয়ে প্রথমবার শিরোপা জিতে নেয়। তবে অস্ট্রেলিয়াই একমাত্র নয়, ফেভারিটের তালিকায় থাকছে ইংল্যান্ড, ভারত, পাকিস্তান ও নিউজিল্যান্ড।

বিশ্বকাপে অঘটন ঘটাতে পারে আফগানিস্তান ও ওয়েস্ট ইন্ডিজ। আফগানরা সুপার টুয়েলভে জায়গা করে নিয়েছে।

প্রাইজমানি
টুর্নামেন্টের প্রাইজমানি ৫৬ লাখ মার্কিন ডলার। এর মধ্যে চ্যাম্পিয়ন পাবে বাংলাদেশি মুদ্রায় প্রায় ১৬ কোটি ২ লাখ টাকা। রানার্সআপ পাবে প্রায় ৮ কোটি ১ লাখ টাকা। সুপার টুয়েলভ থেকে বিদায় নেওয়া দল পাবে ৭০ হাজার ডলার। আর প্রথম রাউন্ড থেকে বিদায় নেওয়া দল পাবে ৪০ হাজার ডলার করে।

যে চ্যানেলে খেলা দেখা যাবে
বাংলাদেশে খেলা দেখাবে জিটিভি। এ ছাড়া র্যাবিটহোল অ্যাপেও দেখা যাবে। বিদেশি চ্যানেলের মধ্যে পিটিভি এবং ভারতের স্টার নেটওয়ার্কের চ্যানেলগুলোতে ম্যাচ সরাসরি সম্প্রচার করা হবে।

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টে রঘুনাথপুর একাদশ জয়ী

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডের ২য় ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকাল ৪টায় জয়রামপুর ইয়ুথ ক্লাব মাঠে। টুর্নামেন্টের ২য় ম্যাচে মুখোমুখি মাঠে নামে পুরাতন হাউলী একাদশ বনাম রঘুনাথপুর একাদশ।

খেলায় পুরাতন হাউলী একাদশ কে ১-০গোলে হারিয়ে কোয়ার্টার ফাইনালে রঘুনাথপুর একাদশ। দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাবের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে ম্যাচ শেষে ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার বিতরণ করা হয়।

জয়রামপুর গ্রাম বাসীর আয়োজনে প্রধান অতিথি ইয়ুথ ক্লাবের উপদেষ্টা আবু বকর সিদ্দিক সাবেক ফুটবলারের হাত থেকে ম্যাচটির ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার তুলে দেয়া হয় রঘুনাথপুর একাদশের ০৮ নং জার্সি পরিহিত শাকিল কে।

প্রধান অতিথি আবু বকর সিদ্দিক বলেন, আমি মনে করি প্রতিটি শিক্ষার্থী লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা করা অপরিহার্য, খেলাধুলা করিলে শরীর মন সুস্থ ও সবল থাকে। তাই প্রতিটি মানুষের খেলাধুলা করার প্রয়োজন আছে। নিয়মিত খেলাধুলা করিলে শরীরকে রোগবালাই ও মাদকাসক্তি থেকে মুক্ত থাকা যায়।

জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদের ব্যবস্থাপনায় এসময় উপস্থিত ছিলেন, জসিম উদ্দিন মনোয়ার, সাবেক ফুটবলার মুন্নাফ হোসেন, সামসুল আলম, গোলাম সরোয়ার ছোটো, আব্দুল মালেক, রাজীব, স্বপন , রাশেদুল ইসলাম রনি, হাফিজুর, আরিফ, নাজির, মুসা, হাসিবুল, সামসুল হক সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ সহ গণমান্য ব্যক্তিবর্গ।

ম্যাচটিতে রেফারির দায়িত্ব পালন করেন একরামুল হাসান নিপুন, সহকারী রেফারি ছিলেন তারিকুল ইসলাম ও সুভাষ চন্দ্র বিশ্বাস। ধারাভাষ্যকার ছিলেন, রাশেদ, আজমল ও শামীম খাঁন।

জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডে উকতো একাদশ জয়ী

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডের ১ম ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকাল ৪টায় জয়রামপুর ইয়ুথ ক্লাব মাঠে। টুর্নামেন্টের ১ম ম্যাচে মুখোমুখি মাঠে নামে উকতো একাদশ বনাম দামুড়হুদা স্পোর্টিং ক্লাব।

খেলায় ট্রাইব্রিকারে দামুড়হুদা স্পোর্টিং ক্লাবকে ৩-২গোলে হারিয়ে কোয়ার্টার ফাইনালে উকতো একাদশ। দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাবের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে ম্যাচ শেষে ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার বিতরণ করা হয়।

জয়রামপুর গ্রাম বাসীর আয়োজনে প্রধান অতিথি ইয়ুথ ক্লাবের উপদেষ্টা হাসিবুল ইসলামের হাত থেকে ম্যাচটির ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার তুলে দেয়া হয় উকতো একাদশের গোল রক্ষক সোহান কে।

প্রধান অতিথি হাসিবুল ইসলাম বলেন, আমি মনে করি প্রতিটি শিক্ষার্থী লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা করা অপরিহার্য, খেলাধুলা করিলে শরীর মন সুস্থ ও সবল থাকে। তাই প্রতিটি মানুষের খেলাধুলা করার প্রয়োজন আছে। নিয়মিত খেলাধুলা করিলে শরীরকে রোগবালাই ও মাদকাসক্তি থেকে মুক্ত থাকা যায়।

জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদের ব্যবস্থাপনায় এসময় উপস্থিত ছিলেন, সাবেক ফুটবলার মুন্নাফ হোসেন, সামসুল আলম, গোলাম সরোয়ার ছোটো, আব্দুল মালেক, রাজীব, স্বপন , রাশেদুল ইসলাম রনি, হাফিজুর, আরিফ, নাজির, মুসা, হাসিবুল, সামসুল হক সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ সহ গণমান্য ব্যক্তিবর্গ।

ম্যাচটিতে রেফারির দায়িত্ব পালন করেন একরামুল হাসান নিপুন, সহকারী রেফারি ছিলেন তারিকুল ইসলাম ও সুভাষ চন্দ্র বিশ্বাস।

ধারাভাষ্যকার ছিলেন, রাশেদ, আজমল ও শামীম খাঁন।